বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)
রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)
১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।
ফোন : ৮৮ ০২ ৮৮৭৯১৯৪, ৮৮ ০২ ৮৮৭৯১৯২
ফ্যাক্স : ৮৮ ০২ ৮৮৭৯১৯৩, ওয়েব সাইট : www.bsccl.com

# মূল্য সংবেদনশীল তথ্য

২৮শে ডিসেম্বর ২০২১খ্রিঃ, মঙ্গলবার, বিকাল ০৪:০০ ঘটিকায় কোম্পানীর প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)-এর পরিচালনা পর্ষদের ১৯৫তম সভায় একনেক কর্তৃক অনুমোদিত "Regional Submarine Telecommunications Project, Bangladesh" (Installation and Establishment of Second Submarine Cable System (SMW-5) for International Telecommunications in Bangladesh) শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বিএসসিসিএল সরকার হতে ২০১৫-২০১৬ অর্থ বছরে ৩ কিস্তিতে প্রাপ্ত ১৪০ কোটি টাকা ও ২০১৬-২০১৭ অর্থ বছরে ৩ কিস্তিতে প্রাপ্ত ২৬ কোটি টাকাসহ ছয় কিস্তিতে সর্বমোট প্রাপ্ত ১৬৬ কোটি টাকা ইক্যুইটি মানির বিপরীতে সরকারের অনুকূলে ইস্যুতব্য শেয়ারের সম্ভাব্য ন্যায্য ইস্যু মূল্য সম্পর্কে নিরপেক্ষ বিশেষজ্ঞের মতামত প্রাপ্তির লক্ষ্যে বিএসসিসিএল কর্তৃক নিযুক্ত সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল)- এর সুপারিশ সম্বলিত প্রতিবেদন, ইক্যুইটি মানি প্রাপ্তিরকাল, সরকার ও কোম্পানীর স্বার্থ, কোম্পানী আইন, ফাইনান্সিয়াল রির্পোটিং কাউন্সিল (এফআরসি) এর শেয়ার মানি ডিপোজিট সংক্রান্ত প্রজ্ঞাপন (নং-১৮৬/এফআরসি/প্রশাঃ/ প্রজ্ঞাপন/ ২০২০/০১,তাং- ১১-০২-২০২০খ্রি. তারিখ), ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) এর শেয়ার মানি ডিপোজিট এর বিপরীতে শেয়ারের সংখ্যা ও ইস্যুমূল্য নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন (নং-১৪৬/এফআরসি/ এসএস/ প্রজ্ঞাপন/২০২০/৬৮, তাং-০৯-১১-২০২০খ্রি.), বিএসইসি'র আইন ও নীতিমালা, পুঁজিবাজারের মাধ্যমে শেয়ার ক্রয়কারী শেয়ারহোল্ডারগণের স্বার্থ, বর্তমান সময়ে সরকারের ডিভিডেন্ট ও ক্যাপিটাল গেইন/লসসহ প্রস্তাবিত দরে শেয়ার ইস্যু করা হলে তার আর্থিক প্রভাব ও ইস্যুতব্য শেয়ারের বিপরীতে বকেয়া ডিভিডেন্ট হিসাবের আইনগত ভিত্তি, এতদবিষয়ে অর্থ মন্ত্রণালয়ের গঠিত কমিটি সভাসমূহের সিদ্ধান্ত/ নির্দেশনা, ভবিষ্যতে প্রদেয় লভ্যাংশের ধারাবাহিকতা রক্ষাসহ সার্বিক বিবেচনায় ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রাপ্ত ১৪০ কোটি টাকার বিপরীতে ২০১৫-২০১৬ অর্থ বছরের শেষ কার্য দিবসের বাজার মূল্য বিবেচনায় ১১০.২০ টাকা (প্রায়) করে ১,২৭,০৪,১৭৪ টি এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রাপ্ত বাকী ২৬ কোটি টাকার বিপরীতে ২০১৬-২০১৭ অর্থ বছরের শেষ কার্য দিবসের বাজার মূল্য বিবেচনায় ১২০.১০ টাকা (প্রায়) করে ২১,৬৪,৮৬৩টি সহ ১০ টাকা অভিহিত মূল্যের সর্বমোট ১,৪৮,৬৯,০৩৭টি সাধারণ শেয়ার যথাক্রমে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের, শেয়ারহোল্ডারগণের সাধারণ সভার সিদ্ধান্ত ও বিএসইসি'র অনুমোদনক্রমে ইস্যুর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির নিমিত্ত অবহিত করা হলো।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

তারিখ, ঢাকা
২৮ই ডিসেম্বর ২০২১খ্রি.।

28-12-2021

(মোঃ আব্দুস সালাম খাঁন, এফসিএস)
কোম্পানী সচিব (মহাব্যবস্থাপক)
ফোন-০২-৮৮৭৯২৪০
ই-মেইল- cs@bsccl.com